গাংনীর গাড়াবাড়ীয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়িয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার কাথুলী ইউনিয়নের কুতুবপুর স্কুল এন্ড কলেজ মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় একদিকে অংশগ্রহণ করেছেন শাপলা ফুটবল একাদশ অপরদিকে অংশগ্রহণ করেছেন সূর্যোদয় ফুটবল একাদশ।

এই খেলাই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১ নং কথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ক্রীড়া শিক্ষক ইমদাদুল হক, জয়নুল আবেদীন, ইয়ারুল ইসলাম,সহ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ।

এই খেলাটি রেফারির দায়িত্ব পালন করেন জিনারুল ইসলাম ইউপি সদস্য, সহকারি রেফারির দায়িত্ব পালন করেন মাসুদ পারভেজ এবং রাজা।

৭০ মিনিট খেলায় উভয় পক্ষ কোন গোল না করতে পারায় ট্রাইবেকার করে।ট্রাইবেকারেও উভয় দল সমতা থাকায় পুনরায় ট্রাইবেকার করে ১-০ গোলে সূর্যদ্বয় ফুটবল একাদশ কে হারিয়ে শাপলা ফুটবল একাদশ বিজয় লাভ করেন।

গাংনীর শালদাহ গ্রামের দুই কিলোমিটার কাচা রাস্তা পাকা করনের দাবী স্থানীয়দের

মেহেরপুরের গাংনীর উপজেলার রাইপুর ইউনিয়নের শালদাহ বিলপাড়ার দুই কিলোমিটার কাচা রাস্তার বেহাল অবস্থা। অল্প বৃষ্টিতেই কাদা হয়ে

যায় রাস্তায়। ফলে গ্রামবাসিদের জনগুরুত্বপুর্ণ রাস্তাটি হাটু কাদায় মানুষ চলাচলের একেবারেই অযোগ্য হয়ে পড়ে। দির্ঘদিনের জনভোগান্তির কাচা রাস্তাটি পাকা করনের জন্য বিভিন্ন মহলে দৌড়ঝাপ করেও কোন সুরাহা পাইনি স্থানীয়রা। গ্রামের মধ্যে এই কাচা রাস্তাটি দ্রত পাকা করনের জন্য সংশ্লিষ্টদেও কাছে আবেদন করেছেন এলাকাবাসি।

শালদাহ গ্রামের রজব আলী জানান,শালদাহ গ্রামের বিলপাড়ার মধ্যবর্তী দুই কিলোমিটার কাচা রাস্তাটি অল্প বৃষ্টি হলেই হাটু কাদায় পরিনত হয়। কাদা হওয়ায় ওই রাস্তা দিয়ে মানুষ মসজিদে নামাজের জন্য যেতে পারেনা। উক্ত রাস্তা দিয়েই কোমলমতি শিশুরা প্রাইমারি স্কুলে যাতায়াত করে। কাদাযুক্ত রাস্তার কারনে অনেকেই পিছলে পড়ে যায়। গ্রামের নওশাদ আলী জানান,মাত্র দুই কিলোমিটার কাচা রাস্তার কারনে গ্রামের মানুষ চলাচলে নানা ভোগন্তিতে পড়ে। স্থানীয় চেয়ারম্রান মেম্বারদের বিষয়টি বারবার জানানো হলেও কাচা রাস্তাটি আজ অবদি পাকা করনের কোন উদ্যোগ নেয়া হয়নি।

শালদাহ গ্রামের লাল্টু ও মন্টু জানান, আশপাশের এলাকায় অনেক উন্নয়ন হলেও আমাদেও গ্রামে তেমন উন্নয়নের ছোয়া লাগেনি। নির্বাচন এগিয়ে আসলে চেয়াম্যান ও ওমম্বার প্রার্থীরা রাস্তাটি পাকা করনের প্রতিশ্রুতি দেন। নির্বাচন শেষ হলেই রাস্তাটির কথা সকলেই ভুলে যান। দুই কিলোমিটার কাচা রাস্তাটি পাকা করনের জন্য উপজেলা এলজিইডির দৃষ্টি কামনা করেন তারা।

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু বলেন, ইউনিয়ন পরিষদের মাধ্যমে দুই কিলোমিটার রাস্তা পাকা করনের কোন সুযোগ নেই। সুযোগ থাকলে অনেক আগেই জন দুর্ভোগের বিষয়টি মাথায় রেখে পাকা করনের উদ্যোগ নেয়া হতো। বিষয়টি উপজেলা এলজিইডির হস্তক্ষেপ কামনা করেন এই জনপ্রতিনিধি।

গাংনী উপজেলা এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহমেদ জানান, রাস্তাটি সম্পর্কে আমাকে কেউ অবহিত করেনি। তবে আপনাদের মাধ্যমে অবগত হলাম। বিষয়টি নজরে এসেছে। পাকা করনের উদ্যোগ নেয়া হবে।

গাংনীতে সাপের কামড়ে কলেজ ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামে সাপের কামড়ে আকাশ আহম্মেদ
(১৮) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছেন।

আকাশ আহম্মেদ করমদি গ্রামের কুমারপাড়ার রাহিদুল ইসলামের ছেলে ও করমদি ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

গতরাতে বিছানায় ঘুমন্ত অবস্থায় আকাশ আহাম্মেদের হাতে সাপে কামড় দেয়। রাতেই তাকে স্থানীয় এক ওঝাঁ’র (কবিরাজ) কাছে নিলে সে ঝাঁড়ফুক করে দেন। আজ সকালে তার অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যায় সে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে খাস জমি নিয়ে সংঘর্ষে উভয় পক্ষের আহত ১১

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের জালশুকা গ্রামে খাস জমি দখল নিয়ে দুই পক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে উভয়পক্ষের নারী সহ ১১ জন আহত হয়েছেন।

আহতদের গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে আজ বৃহস্পতিবার (২০ জুলাই) মাগরিবের নামাজের পরে।

আহতরা হলেন, আসাদুল ইসলামের ছেলে রিপন (২৬), হাইয়াত আলীর ছেলে মিনারুল (৫০) শাহিনের স্ত্রী শিল্পী খাতুন (২৫), আমির উদ্দিনের ছেলে তোমছেল (৬০), আজগর আলীর ছেলে ইকরাম (৩৫), মনিরুদ্দিনের ছেলে টুটুল (৩৮) অপরপক্ষে আহত রা হলেন, আব্দুর রহমানের ছেলে মোবারক (৩৫), স্ত্রী জাহানারা (৫০), নজরুল ইসলামের স্ত্রী মহিলা

(৫০), মফিজ উদ্দিনের ছেলে আরমান (৫০) ও সাহাবুল (৩৫)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। এ ঘটনায় উভয় পক্ষই মামলার প্রস্তুতি নিচ্ছেন।

গাংনীতে টাকা চাওয়াকে কেন্দ্র করে সৃষ্ঠ সংঘর্ষে ২ জন আহত

পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে রাজমিস্ত্রিদের মধ্যে সৃষ্ঠ সংঘর্ষে উভয়পক্ষের ২ রাজমিস্ত্রি আহত হয়েছেন।

আহতরা হলেন, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমলা চৌধুরীপাড়ার আবু তালেবের ছেলে সৌরভ হোসেন (২৫) ও গাংনী উপজেলার থানাপাড়া এলাকার আফুরদ্দিনের ছেলে খাইরুল ইসলাম (৪০)।

আজ বৃহস্পতিবার (২০ জুলাই) সকাল সাড়ে ১১ টার দিকে চৌগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের চিকিৎসাধীন।

জানা গেছে, খাইরুল ইসলাম সৌরভ হোসেনের কাছে কিছু টাকা পাবেন। গতকাল বুধবার টাকা চাওয়াকে কেন্দ্র করে উভয়ের মধ্যে বচসা হয়। আজকে সকাল সাড়ে ১১ টার দিকে আবারও টাকা চাইতে যায়। টাকা চাওয়াকে কেন্দ্র করে উভয়ের মধ্যে প্রথমে বাকবিতন্ডা হয়। পরে সৃষ্ঠ সংঘর্ষে দুজনেই আহত হন।

জেলা পর্যায়ে সন্ধানী ও

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাফল্য

মেহেরপুর জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গাংনীর সন্ধানী ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের নানা সাফল্যের চিত্র তুলে ধরা হলো।

আজ বুধবার সকালের দিকে জেলাপ্রশাসক মোঃ আজিজুল ইসলাম তাঁর সম্মেলন কক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও সাংস্কৃতিক ইভেন্টে শ্রেষ্ঠদের মাঝে ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রাইজমানি প্রদান করেন।

এবছর মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে মোঃ হাবিবুর রহমান, অধ্যক্ষ, সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী, শ্রেষ্ঠ শিক্ষার্থী (মাধ্যমিক পর্যায়) নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া ছোঁয়া, শ্রেষ্ঠ গালর্স গাইড শিক্ষক নির্বাচিত হয়েছে শুকেশ চন্দ্র বিশ্বাস, সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ গালর্স গাইড লিডার নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৮ম শ্রেণির আতকিয়া ফাইজা, শ্রেষ্ঠ গালর্স গাইড গ্রুপ নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের গালর্স গাইড গ্রুপ, বাংলা রচনায় ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন, ইংরেজি বক্তব্যে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির সানজিদা আক্তার যুথি, খ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত, গ গ্রুপে একক বিতর্কে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির হালিমা খাতুন, তাৎক্ষণিক অভিনয়ে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির মোছাঃ হালিমা খাতুন এবং নজরুল সঙ্গীত, দেশাত্মবোধক গান ও লোকগীতিতে ১ম হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজের দ্বাদশ শ্রেণির জান্নাতুস ছামানিয়া

ছোঁয়া।

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় জেলার ৮ জন সেরা মেধাবী ছাত্রাছাত্রী নির্বাচিত হয়েছে সন্ধানী স্কুল এন্ড কলেজ থেকে। জেলা পর্যায়ে ৮ জন সেরা মেধাবী ছাত্রছাত্রীরা হলো- দৈনন্দিন বিজ্ঞানে ৭ম শ্রেণির লাইবা জামান, ১০ম শ্রেণির জ্যুয়িনা ইসলাম ও ১২শ শ্রেণির নাজমুস সাকিফ গণিত ও কম্পিউটারে ৮ম শ্রেণির মুবিনা ইসলাম ও দ্বাদশ শ্রেণির নাজমুস সাকিফ, ভাষা ও সাহিত্যে ৯ম শ্রেণির উম্মে জুমাইল জান্নাত ও ১২শ শ্রেণির জয়া আফরিন মিষ্টি এবং বাংলাদেশ স্টাডিজে ১২শ শ্রেণির ইফ্ফাত নওশীন রাকা। বিজয়ী ছাত্রছাত্রী ও শিক্ষকমন্ডলীকে সন্ধানী সংস্থার পক্ষ থেকে অভিনন্দন।

“জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩” প্রতিযোগিতায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক)-সহ ০৯টি ইভেন্টে প্রথম স্থান অধিকার করেছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এছাড়াও জেলার শ্রেষ্ঠ স্কাউটস দল নির্বাচিত হয়েছে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কাউটস দল।

১.হামদ নাত:ক গ্রুপে রুহানি ইসলাম ফারিন(শ্রেণি:৮ম) ২. ইংরেজি রচনা: ক গ্রুপে সোহানুর রহমান (শ্রেণি: ৮ম) ৩. ইংরেজি রচনা: খ গ্রুপে হাসিনা খাতুন (শ্রেণি:১০ম) ৪. জারী গান: খ গ্রুপে উলমাতুন নেছা পূর্ণিমা ও তার দল ৫. দেশোত্মবোধক গান: (ক) গ্রুপ:কামিনি (৬ষ্ঠ) ৬. রবীন্দ্রসংগীত: (খ) গ্রুপ: সোনিয়া (শ্রেণি: ১০ম), ৭.উচ্চাঙ্গ সংগীত: (ক) গ্রুপ: মার্দিয়া জামান মমো (শ্রেণি: ৮ম) . উচ্চাঙ্গ সংগীত: (খ) গ্রুপ: উলমাতুন নেছা পূর্ণিমা (শ্রেণি: ১০ম) ৯. লোকসংগীত: (ক) গ্রুপ: সামিউল ইসলাম (শ্রেণি: ৬ষ্ঠ)।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর ভাটপাড়া ডিসি ইকোপার্ক পরিদর্শনে উপজেলা নির্বাহী অফিসার

গাংনী উপজেলার ভাটপাড়া নীলকুঠিতে নির্মীত জেলা প্রশাসক ইকোপার্কের উন্নয়নে পার্ক পরিদর্শন করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। মঙ্গলবার সকাল দশটার দিকে পার্ক পরিদর্শন করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর মেহেরপুরের ব্যবস্থাপক এসএম কামাল,পার্ক ব্যবস্থাপনা কমিটির সদস্য সাংবাদিক ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আকতারুজ্জামনসহ পার্কের ব্যবসায়ীবৃন্দ।

পার্কের সীমানা প্রচীরের অভ্যন্তরে সৌন্দর্য বর্ধন ও দৃষ্টি নন্দনের জন্য বিভিন্ন প্রজাতির ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও পার্কটি পর্যটকদের কাছে আকর্শনীয় করতে উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। পার্কের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা ঘুরে দেখেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

গাংনী নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনী উপজেলার নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ভাটপাড়া ফুটবল মাঠে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় এক দিকে অংশ গ্রহন করেন নওপাড়া বাজারের দক্ষিণ পার্শের ব্যবসায়ী

অপরদিকে অংশ গ্রহন করেন উত্তর পার্শের ব্যবসায়ী বৃন্দ।

৯০ মিনিটের খেলায় ১-১ গোলে ড্র করেন উভয় দলের খেলোয়াড়। মাঠের কানাই কানাই পূর্ণ হয়ে ফুটবল খেলা উপভোগ করেন ফুটবল প্রীয় দর্শক।

খেলা পরিচালনা করেন ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আতিয়ার রহমান। তার সহযোগিতায় সহকারী ছিলেন আদিল আহমেদ ও আরিফুল ইসলাম। দুই দলের সমতা গোলে খেলা নিষ্পত্তি করা হলেও দুই দলের খেলোয়াড় দের মাঝে মেডেল ও ট্রফি বিতরণ করা হয়। ট্রফি বিতরণ করেন নওপাড়া বাজার কমিটির সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদক আরাফাত হোসেন।

এসময় উপস্থিত ছিলেন, বাজার কমিটির সহ সভাপতি হেলাল আহমেদ, কৃতি ফুটবলার আসাদুজ্জামান চৌধুরী মুকুল,সাংবাদিক আকতারুজ্জামান, প্রবীণ ব্যাক্তিত্ব হাজি ইয়াকুব আলী,রকিবুল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

ধারা বিবরনে ছিলেন ইয়ারুল ইসলাম,আরিফ ও জয়নাল আবেদিন। ট্রফি গ্রহন করেন দুই দলের অধিনায়ক মিরাজুল ইসলাম মিলন ও নাজমুল হক।

জাতীয়করণের দাবিতে গাংনীতে শিক্ষকদের মানববন্ধন

বেসরকারি স্বীকৃতিপ্রাপ্ত সকল স্তরের স্কুল, কলেজ, মাদ্রাসা, বিএম কলেজ, ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৭ জুলাই) দুপুর পৌনে বারোটার দিকে গাংনী প্রেসক্লাবের সামনের সড়কে উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা মানববন্ধনে অংশ নেন।

গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেনের সভাপতিত্বে এবং রাইপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক

মিজানুর রহমানের সঞ্চালনায় মানববন্ধনে দাবী দাওয়া তুলে ধরে বক্তব্য রাখেন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মনিরুজ্জামান, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আব্দুল করিম, সিএফএম মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আল হেলাল ও গাংনী স্কুল এন্ড কলেজের শিক্ষক শফি কামাল কামাল পলাশসহ শিক্ষকবৃন্দ।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে বসতঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে পানসোনা খাতুন (৬৫) নামের এক বৃদ্ধা আত্মহত্যা করেছে। তিনি দেবীপুর স্কুল পাড়ার আব্দুস সাত্তারের স্ত্রী। আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এ আত্মহত্যার ঘটনাটি ঘটে।

স্থানীয়রা জানান, পানসোনা খাতুন মানসিক ভাবে দীর্ঘদিন ধরে সমস্যায় ভুগছিলেন। গেল কয়েকদিন আগে চোখ অপারেশন করে আসার পর থেকে বেশি অসুস্থ হয়ে পড়েন। তিনি নিদিষ্ট কোন কারণ ছাড়াই মানসিক সমস্যার জন্য আত্মহত্যা করেছেন বলে এলাকাবাসীর ধারণা।

পানসোনা খাতুনের স্বামী আব্দুস সাত্তার বলেন, আমি সকাল বেলায় মাঠে ঘাস কাটতে গিয়েছিলাম; এরমধ্যে আমার এক ভাই এসে খবর দিলে বাড়ি ছুটে এসে দেখি ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে। পরে আমার এক নাতি হাঁসুয়া দিয়ে ওড়না কেটে মরদেহ নিচে নামায়।

এদিকে ঘটনাস্থলে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন, গাংনী থানার (ওসি) তদন্ত মনোজিৎ কুমার নন্দী সহ পুলিশের একটি টিম উপস্থিত হয়েছেন।